Case study 13/04/26

পিন্টু, রিমা ও রবি একই ক্লাসে পড়ে। তাদের স্কুলের মাঠে মাঝে মাঝে আবর্জনা পড়ে থাকে। একদিন তারা দেখল অনেক ছাত্রছাত্রী মাঠে চিপসের প্যাকেট ও বোতল ফেলে দিয়েছে। তখন পিন্টু বলল,

"আমরা সবাই মিলে স্কুলটাকে পরিষ্কার রাখব।"

তিনজন মিলে মাঠ পরিষ্কার করল এবং একটি পোস্টার বানাল –

“আমাদের স্কুল, আমাদের দায়িত্ব”।

পরের দিন শিক্ষক তাদের প্রশংসা করলেন এবং সবাইকে পরিচ্ছন্নতা বজায় রাখার পরামর্শ দিলেন। এখন স্কুলের সবাই মিলে প্রতি শুক্রবার মাঠ পরিষ্কার রাখে।

১)মন্তব্য: ছাত্রছাত্রী মাঠে চিপসের প্যাকেট ও বোতল ফেলে দিয়েছে।

কারণ: এর ফলে প্রকৃতির সৌন্দর্য বৃদ্ধি পায় ।

মন্তব্য ঠিক কারণ ভুল/ মন্তব্য কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ভুল ।

২)তারা কেন মাঠ পরিষ্কার করেছিল?

শিক্ষক বলেছিলেন বলে / আবর্জনা ফেলতে তাদের ভালো লাগত বলে / মাঠে ময়লা ছিল বলে / তারা নিজেরাই মাঠ পরিষ্কার করেছিল ।

৩)তারা পোস্টারে কী লিখেছিল?

“আমাদের স্কুল, আমাদের দায়িত্ব”/“খেলা করো, মজা করো” / “সবাই বই পড়ো”/ “স্কুলে দেরি করো না” ।

৪)তাদের কাজ দেখে শিক্ষক কী করেছিলেন?

রাগ করেছিলেন / প্রশংসা করেছিলেন / কিছু বলেননি / শাস্তি দিয়েছিলেন

৫)এখন স্কুলে প্রতি শুক্রবার কী হয়?

খেলাধুলা হয় / মাঠ পরিষ্কার করা হয় / পিকনিক হয় / ছুটি দেওয়া হয় ।